

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৪৮৫

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪২. যিনি হাদিস লিখে রাখার পক্ষে মতামত প্রদান করেন না

بَابُ مَنْ لَمْ يَرَ كِتَابَةَ الْحَدِيثِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ، أَنْبَأَنَا الْعَوَّامُ، عَنْ إِبْرَاهِيمَ التَّيْمِيِّ، قَالَ: بَلَغَ ابْنُ مَسْعُودٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، أَنَّ
عِنْدَ نَاسٍ كِتَابًا يُعْجَبُونَ بِهِ، فَلَمْ يَزَلْ بِهِمْ حَتَّى أَتَوْهُ بِهِ، فَمَحَاهُ ثُمَّ قَالَ: «إِنَّمَا هَلَكَ أَهْلُ
الْكِتَابِ قَبْلَكُمْ، أَنَّهُمْ أَقْبَلُوا عَلَى كُتُبِ عُلَمَائِهِمْ، وَتَرَكَوْا كِتَابَ رَبِّهِمْ

إِسْنَادُهُ صَحِيحٌ

বাংলা

৪৮৫. ইবরাহীম তাইমী হতে বর্ণিত, তিনি বলেন: ইবনু মাসউদ রাহিয়াল্লাহু আনহু'র নিকট খবর পৌঁছল যে, লোকদের নিকট একটি কিতাব (লেখা) রয়েছে যা তাদেরকে বিস্মিত/আনন্দিত করছে। আর তার নিকট এটি নিয়ে আসার আগ পর্যন্ত তা অব্যাহত রইল। আর যখন তার নিকট এটি নিয়ে আসা হলো, তখন তিনি এটি মুছে/নিশ্চিহ্ন করে দিলেন এবং বললেন: তোমাদের পূর্ববর্তী আহলে কিতাবদের (ইয়াহুদী ও খৃস্টানদের) ধ্বংসের কারণ তারা তাদের উলামাগণের (লিখিত) কিতাবসমূহে আত্মনিয়োগ করেছিলো, কিন্তু তাদের রবের কিতাবকে পরিত্যাগ করেছিলো।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: খতীব, তাকরীদুল ইলম পৃ: ৫৬; ইবনু আব্দুল বার, জামি' বায়ানিল ইলম নং ৩১৯ সহীহ সনদে।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69796>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন